

🗏 আর-রুম | Ar-Rum | ٱلرُّوم

আয়াতঃ ৩০ : ১২

💵 আরবি মূল আয়াত:

وَ يَومَ تَقُومُ السَّاعَةُ يُبلِسُ المُجرِمُونَ ﴿١٢﴾

🗚 অনুবাদসমূহ:

আর যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন অপরাধীরা হতাশ হয়ে পড়বে। — আল-বায়ান যেদিন কিয়ামত সংঘটিত হবে সেদিন অপরাধীরা হতাশ হয়ে পড়বে। — তাইসিরুল যেদিন কিয়ামাত হবে সেদিন অপরাধীরা হতাশ হয়ে পড়বে। — মুজিবুর রহমান

And the Day the Hour appears the criminals will be in despair. — Sahih International

১২. আর যেদিন কিয়ামত সংঘটিত হবে সে দিন অপরাধীরা হতাশ হয়ে পড়বে।

তাফসীরে জাকারিয়া

(১২) যেদিন কিয়ামত হবে সেদিন অপরাধীরা হতাশ হয়ে পড়বে। [1]

إبلاس إ- এর অর্থ হল নিজের দাবীর স্বপক্ষে কোন প্রমাণ পেশ করতে না পেরে চুপচাপ হয়রান হয়ে দাঁড়িয়ে থাকা। যাকে হতাশ হওয়া বলা যায়। এই অর্থে مُبلِس ব্যক্তিকে বলা হবে, যে হতাশ হয়ে নিশ্বুপ দাঁড়িয়ে থাকে ও নিজের স্বপক্ষে কোন প্রমাণ খুঁজে পায় না। কিয়ামতের দিন কাফের ও মুশরিকদের এই অবস্থা হবে। অর্থাৎ, আল্লাহর আযাব চাক্ষুষ দেখে তারা সকল ব্যাপারে হতাশ হবে এবং কোন প্রমাণ পেশ করতেও অক্ষম হবে। এখানে مُجرِمُون (অপরাধীরা) বলতে কাফের ও মুশরিকদেরকে বুঝানো হয়েছে। পরের আয়াত দ্বারা তা পরিষ্কার বুঝা যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3421

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন